

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ১১৩৭. ২০১৬- ৪৬২

তারিখঃ ২৬-০২-২০১৭ খ্রিঃ


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ১৪০৬১/২০১৬ এর রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-২২/২০১৭ মোকদ্দমার
রুল ও আরজি।

সূত্রঃ ০৩-০২-২০১৭ খ্রিঃ, তারিখে সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত পত্র।

চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার কর্ণফুলী নদীর বালুমহলের সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪০৬১/২০১৬
নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় গত ১৩.১১.২০১৬ খ্রিঃ তারিখের আদেশ বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন
নং-২২/২০১৭ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী, জেলা প্রশাসক, চট্টগ্রামকে ২নং
বিবাদী, রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামকে ৩নং বিবাদী, উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রামকে ৪নং বিবাদী
এবং সহকারী কমিশনার (ভূমি), রাউজান, চট্টগ্রামকে ৫নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ১৭-
০১-২০১৭ তারিখের আদেশে রুল ইস্যুপূর্বক রীট পিটিশন নং- ১৪০৬১/২০১৬ এ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১৩.১১.২০১৬ তারিখের
আদেশ বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না, তার কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-২২/২০১৭ মামলার জবাব প্রদানসহ বর্ণিত মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য স্থানীয় সরকার বিভাগের
প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি প্রেরণ করা
হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৪০৯৯৫

জনাব এ্যাডঃ এস,কে শফিক মাহমুদ পুস্প

বেসরকারি প্যানেল আইনজীবী

স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;

০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ;

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;

০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;

০৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।